

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৬৫]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩০২ : মৃত্যের জন্য মাতম করে কাঁদা, গাল চাপড়ানো, বুকের কাপড় ছিঁড়া, চুল ছেঁড়া, মাথা নেড়া করা ও সর্বনাশ ও ধ্বংস ডাকা নিষিদ্ধ

(302) بَابُ تَحْرِيْمِ النِّيَاحَةِ عَلَى الْمَيِّتِ، وَلَطْمِ الْخَدِّ وَشَقِّ الْجَيْبِ وَنَتْفِ الشَّعْرِ وَحَلْقِهِ، وَالدُّعَاءِ بِالْوَيْلِ وَالثَّبُوْرِ

#### আরবী

وَعَنْ أُسَيدِ بِنِ أَبِي أُسَيدِ التَّابِعِيِّ، عَنِ امْرَأَةٍ مِنَ المُبَايِعَاتِ، قَالَتْ :كَانَ فِيمَا أَخَذَ عَلَيْنَا رَسُول اللهِ صلى الله عليه وسلم في المَعْرُوفِ الَّذِي أَخَذَ عَلَيْنَا أَنْ لاَ نَعْصِيَهُ فِيهِ : أَنْ لاَ نَخْمِشَ وَجْهَا، وَلاَ نَدْعُوَ وَيُلاً، وَلاَ نَشُقَّ جَيْباً، وَأَنْ لاَ نَنْشُرَ شَعْراً. رواه أبو داود بإسناد حسن

#### বাংলা

৯/১৬৭৪। উসাইদ ইবনে আবৃ উসাইদ তাবেয়ী, এমন এক মহিলা থেকে বর্ণনা করেন, যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বায়আতকারিণী মহিলাদের একজন ছিলেন। তিনি বলেন, 'আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সব সৎকর্ম করতে ও তাতে তাঁর অবাধ্যতা না করতে আমাদের কাছে অঙ্গীকার নিয়েছিলেন, সে সবের মধ্যে এটিও ছিল যে, [শোকাহত হয়ে] আমরা চেহারা খামচাবো না, ধ্বংস ও সর্বনাশ কামনা করব না, বুকের কাপড় ছিঁড়ব না এবং মাথার চুল আলুথালু করব না।' [আবৃ দাউদ হাসান সূত্রে] [1]

### **English**

(302) Chapter: Prohibition of Bewailing the Deceased

#### Asid bin Abu Usaid reported:

A woman who had taken a pledge of allegiance at the hand of the Messenger of Allah (ﷺ) said: "Among the matters in respect of which we gave the Messenger of Allah (ﷺ) the pledge not to disobey him in any Ma'ruf [i.e., all that Islam ordains (V:60:12)] was that we should not slap our faces, bewail, tear our clothes up and tear out our hair (in grief)."



### [Abu Dawud].

## ফুটনোট

[1] আবূ দাউদ ৩১৩১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উসায়ীদ ইবনু আবূ উসায়ীদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন